

কালের কণ্ঠ

www.kalerkantho.com

Date: 06.05.2016

Page: 08



বিইউএফটির সঙ্গে দুই দেশের বিশ্ববিদ্যালয়ের চুক্তি

নেদারল্যান্ডসের সেকশন ইউনিভার্সিটি অব অ্যাপ্লাইড সায়েন্স ও নেইরোদ বিজনেস ইউনিভার্সিটি এবং জার্মানির নেদারিন ইউনিভার্সিটি অব অ্যাপ্লাইড সায়েন্সের সঙ্গে শিক্ষাবিষয়ক সমঝোতা চুক্তি সই করতে বিজিএমইএ ইউনিভার্সিটি অব ফ্যাশন অ্যান্ড টেকনোলজির (বিইউএফটি) ট্রাস্টি বোর্ডের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান মোজাফ্ফর উদ্দিন সিদ্দিকের নেতৃত্বে একটি প্রতিনিধিদল গত ২৪ এপ্রিল থেকে ২৮ এপ্রিল দুই দেশে যান। উভয় দেশের প্রতিনিধিদের বৈঠকে আরএমজি, ফ্যাশন এবং টেক্সটাইল বিষয়ে মান উন্নয়নে একটি পারস্পরিক শিক্ষাবিষয়ক সমঝোতা চুক্তি গৃহীত হয়। এই চুক্তির ধারাবাহিকতায় আগামী সেপ্টেম্বরে বিইউএফটির চারজন শিক্ষার্থী টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এবং টেক্সটাইল টেকনোলজি ম্যানেজমেন্ট বিষয়ে উচ্চতর শিক্ষার উদ্দেশ্যে সেকশন ইউনিভার্সিটি অব অ্যাপ্লাইড সায়েন্সে যাবে এবং সেখানে একটি সেমিস্টার সম্পন্ন করবে। সংবাদ বিজ্ঞপ্তি।